**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
**(উপজেলা-১ শাখা)**
**www.lgd.gov.bd.**

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.০৯৪.২০১৬-৩৯৯ তারিখ : ১৬ মার্চ, ২০১৬।

বিষয় : উপজেলা পরিষদে ডিজিটাল সেন্টার স্থাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রতিটি উপজেলা পরিষদে ডিজিটাল সেন্টার স্থাপনের বিষয়ে ০২/০৩/২০১৬ তারিখে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অন্যান্য সিদ্ধান্তের সাথে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

দেশের সকল উপজেলা কার্যালয়সমূহে একটি করে ডিজিটাল সেন্টার স্থাপন করতে হবে। এ বিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যানগণকে পত্র প্রেরণ করতে হবে। উপজেলা কার্যালয়ের প্রবেশমুখে দৃশ্যমান ও সংলগ্ন একটি ১৫ ফুট X ১২ ফুট (ন্যূনতম ১৮০ বর্গফুট) আয়তনের কক্ষ থাকবে, যেখানে কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, ওয়েবক্যাম, ইন্টারনেট কানেকশন, চেয়ার (কমপক্ষে ৬টি), টেবিলসহ অফিসের অন্যান্য সামগ্রী রাখা সম্ভব হবে। উপজেলা পরিষদ চেয়ারম্যানগণ এ কার্যক্রম নিশ্চিত করবেন। প্রয়োজনে উপজেলা পরিষদ এর জন্য বরাদ্দ চাইবে। এটুআই উদ্দোক্তাদের প্রশিক্ষণ কার্যক্রমসহ প্রযুক্তিগত সহায়তা প্রদান করবে।

গত ০২ মার্চ, ২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সংশ্লিষ্ট অংশ এতদ্সঙ্গে প্রেরণ করা হলো। উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ পদক্ষেপ গ্রহণসহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসে ০২(দুই) বার এ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

১৬/০৩/২০১৬
(ড. জুলিয়া মঈন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

১। চেয়ারম্যান (সকল), উপজেলা পরিষদ,......................উপজেলা,..................জেলা।

২। উপজেলা নির্বাহী অফিসার (সকল),........................উপজেলা............................জেলা।

**অনুলিপি :**
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউ পি শাখা-২
www.lgd.gov.bd

## সিটি কর্পোরেশনের ওয়ার্ডে এবং পৌরসভায় ডিজিটাল সেন্টার স্থাপন বিষয়ক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আবদুল মালেক<br>সচিব, স্থানীয় সরকার বিভাগ। |
| তারিখ ও সময় | ঃ | ০২.০৩.২০১৬ খ্রিঃ, বিকাল ০৪.৪৫ টা। |
| স্থান | ঃ | কক্ষ নং ৬০১, ৭ম তলা, ভবন নং ০৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| সভায় উপস্থিতির তালিকা | ঃ | পরিশিষ্ট-'ক'। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের Access to Information প্রকল্পের অনুরোধে এ সভার আয়োজন মর্মে সভাপতি উল্লেখ করেন। সভাপতি বলেন যে, ইউনিয়ন পরিষদসমূহে ডিজিটাল সেন্টার স্থাপন ও এর কার্যক্রম সন্তোষজনক হলেও পৌরসভা এবং সিটি কর্পোরেশনসমূহে এ কার্যক্রম আশানুরূপ নয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (আইন) জনাব মোঃ ঈশান আলী রাজা বাঙালী সভাকে অবহিত করেন যে, ইতঃপূর্বে ২৪/১১/২০১৪খ্রিঃ তারিখে তৎকালীন স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব মনজুর হোসেন এর সভাপতিত্বে ১ম সভা অনুষ্ঠিত হয়। ১ম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে অত্র বিভাগে কোন কাগজপত্রাদি খুঁজে পাওয়া যায়নি। তবে এটুআই এর কর্মকর্তা তাদের কাছে রক্ষিত উক্ত সভার কার্যবিবরণীর ফটোকপি দেখান। তদনুযায়ী পরীক্ষা করে দেখা যায় যে, এ ব্যাপারে পরবর্তীতে কোন পদক্ষেপ নেয়া হয়নি।

অতঃপর সভায় নিম্নরূপ বিষয়ে আলোচনা করা হয় ঃ

১। ডিজিটাল সেন্টারের বর্তমান অবস্থা;
২। ইউনিয়ন পরিষদের সাথে ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের চুক্তিপত্র সম্পাদন;
৩। পৌরসভা এবং সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে ডিজিটাল সেন্টার স্থাপন;
৪। বিবিধ।

সভায় আলোচ্য সূচি ও উপস্থাপিত প্রস্তাবনার আলোকে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। | **ইউনিয়ন পরিষদ**<br>(ক) আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে যারা নির্বাচিত হবেন তাদের শপথ অনুষ্ঠানে ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সাথে অঙ্গীকারনামা স্বাক্ষরিত হবে। | জেলা প্রশাসক/ ডিডিএলজি |
| | (খ) ডিজিটাল বাংলাদেশ বিষয়ে নবনির্বাচিত চেয়ারম্যানদের ধারণা প্রদানের লক্ষ্যে শপথ গ্রহণ অনুষ্ঠানের অব্যবহিত পরে ওরিয়েন্টেশন প্রদান করা হবে। ওরিয়েন্টেশন কার্যক্রমে এটুআই এর প্রতিনিধি এবং ডিডিএলজি উপস্থিত থাকবেন। এ সময় ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম ও উদ্যোক্তাদের বহাল রাখার বিষয়ে নবনির্বাচিত চেয়ারম্যানদের কাছ থেকে একটি অঙ্গীকারনামা গ্রহণ করা হবে।<br>এ বিষয়ে জেলা প্রশাসকবৃন্দ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | জেলা প্রশাসক/ ডিডিএলজি ও এটুআই |
| | (গ) ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম ও উদ্যোক্তাদের বহাল রাখার বিষয়ে নির্দেশনা সম্বলিত একটি অঙ্গীকারনামার খসড়া এটুআই প্রকল্প থেকে প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে। | এটুআই |
| | (ঘ) ডিজিটাল সেন্টারের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে কিনা এ বিষয়ে ডিডিএলজিগণ প্রতি ৩ (তিন) মাস অন্তর জেলা ভিত্তিক প্রতিবেদন প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে। | ডিডিএলজি |

| | | |
|---|---|---|
| ২। | **পৌরসভা**<br>(ক) দেশের সকল পৌরসভায় ডিজিটাল সেন্টার স্থাপন করতে হবে। পৌরভবন প্রবেশমুখে দৃশ্যমান ও সংলগ্ন একটি ১৫x১২ ফুট (ন্যূনতম ১৮০ বর্গফুট) আয়তনের কক্ষ থাকবে, যেখানে কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, ওয়েবক্যাম, ইন্টারনেট কানেকশন, চেয়ার, দুটি টেবিলসহ অফিসের অন্যান্য সামগ্রী রাখা সম্ভব হবে। পৌরসভা নিজস্ব তহবিল থেকে আগামী ৩০ এপ্রিলের মধ্যে ডিজিটাল সেন্টার স্থাপনের কাজ সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করবে। | মেয়র<br>সকল পৌরসভা |
| | (খ) সকল পৌরসভার ডিজিটাল সেন্টার স্থাপনের কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে একটি টাস্কফোর্স গঠন করা হলো।টাস্কফোর্সের সমন্বয়কারী হিসেবে এ বিভাগের যুগ্মসচিব রওশন আরা বেগম (নগর উন্নয়ন-২), দায়িত্ব পালন করবেন। উপ-সমন্বয়কারী হিসেবে টিমে তাঁকে সহযোগিতা করবেন উপসচিব (পৌর-১) জনাব কাজী আসাদুজ্জামান, উপসচিব (সিঃকঃ-২) জনাব মোঃ আব্দুর রউফ ও উপসচিব (আইন) জনাব মোঃ ঈশান আলী রাজা বাঙালী। সমন্বয়কারীর তত্ত্বাবধানে ০৩(তিন) জন উপসচিবকে ৩২৫টি পৌরসভার মধ্যে যেসকল পৌরসভায় 'পৌরভবন' আছে তাদেরকে পৌরসভার সাথে এ বিষয়ে সমন্বয় ও যোগাযোগের জন্য দায়িত্ব বিভাজন করে ডিজিটাল সেন্টার স্থাপনের কার্যক্রম নিশ্চিত করবেন। সংশ্লিষ্ট পৌরসভাসমূহে পত্র প্রদান করতে হবে। | যুগ্মসচিব(নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ<br>ও<br>উপ সমন্বয়কারী বৃন্দ |
| ৩। | **সিটি কর্পোরেশন**<br>(ক) দেশের ১১ টি সিটি কর্পোরেশনের প্রতিটি ওয়ার্ডে ডিজিটাল সেন্টার স্থাপনের লক্ষ্যে ওয়ার্ডসমূহের কার্যালয়ের প্রবেশমুখে দৃশ্যমান ও সংলগ্ন একটি ১৫x১২ ফুট (ন্যূনতম ১৮০ বর্গফুট) আয়তন বিশিষ্ট কক্ষের বরাদ্দ প্রদানের ব্যবস্থা নিতে হবে, যেখানে কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, ওয়েবক্যাম, ইন্টারনেট কানেকশন, চেয়ার(কমপক্ষে ৬টি), টেবিলসহ অফিসের অন্যান্য সামগ্রী রাখা সম্ভব হবে। সিটি কর্পোরেশন তার নিজস্ব তহবিল থেকে আগামী ৩০ এপ্রিল, ২০১৬ তারিখের মধ্যে ডিজিটাল সেন্টার স্থাপন কার্যক্রম সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণের জন্য অত্র বিভাগ থেকে যোগাযোগসহ পত্র প্রেরণ করা হবে। একটি ডিজিটাল সেন্টার প্রতিষ্ঠার জন্য সম্ভাব্য বাজেট উপ-প্রকল্প পরিচালক, এলজিএসপি-২ জনাব মোহাম্মদ ইয়াহ্-ইয়া ভূঁইয়া স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল সিটি কর্পোরেশন<br>ও<br>ডিপিডি (প্রশাসন), এলজিএসপি-২ |
| | (খ) সকল সিটি কর্পোরেশনে ডিজিটাল সেন্টার স্থাপনের কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে একটি টাস্কফোর্স গঠন করা হলো। টাস্কফোর্সের সমন্বয়কারী হিসেবে এ বিভাগের যুগ্মসচিব(উপজেলা) অমিতাভ সরকার দায়িত্ব পালন করবেন। টাস্কফোর্সের সদস্য হিসেবে টিমে তাঁকে সহযোগিতা করবেন উপসচিব (পাস-১) জনাব খায়রুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব (ইউপি-২) জনাব সৈয়দ মোঃ নূরুল বাসির, সিনিয়র সহকারী সচিব(অডিট-১) জনাব মোঃ আনোয়ার পাশা।<br>দায়িত্বপ্রাপ্ত টিমের ৩ (তিন) জন সদস্যের মধ্যে ১১টি সিটি কর্পোরেশন এর প্রয়োজনীয় যোগাযোগের জন্য বিভাজন করে দেয়া হবে। তারা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের ওয়ার্ডসমূহ পরিদর্শন করে ডিজিটাল সেন্টার স্থাপনের কার্যক্রম নিশ্চিত করবেন। | |
| ৪। | **উপজেলা :** দেশের সকল উপজেলা কার্যালয়সমূহে একটি করে ডিজিটাল সেন্টার স্থাপন করতে হবে। এ বিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যানগণকে পত্র প্রেরণ করতে হবে। উপজেলা কার্যালয়ের প্রবেশমুখে দৃশ্যমান ও সংলগ্ন একটি ১৫x১২ ফুট(ন্যূনতম ১৮০ বর্গফুট) আয়তনের কক্ষ থাকবে, যেখানে কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, ওয়েবক্যাম, ইন্টারনেট কানেকশন, চেয়ার(কমপক্ষে ৬টি), টেবিলসহ অফিসের অন্যান্য সামগ্রী রাখা সম্ভব হবে। উপজেলা পরিষদ চেয়ারম্যানগণ এ কার্যক্রম নিশ্চিত করবেন। প্রয়োজনে উপজেলা পরিষদ এর জন্য বরাদ্দ চাইবে। এটুআই উদ্দোক্তাদের প্রশিক্ষণ কার্যক্রমসহ প্রযুক্তিগত সহায়তা প্রদান করবে। | উপজেলা পরিষদ চেয়ারম্যানবৃন্দ, উপজেলা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ এবং এটুআই। |
| ৫। | **জেলা পরিষদঃ** দেশের সকল জেলা পরিষদসমূহে একটি করে ডিজিটাল সেন্টার স্থাপন করতে হবে। জেলা পরিষদ কার্যালয়ের প্রবেশমুখে দৃশ্যমান ও সংলগ্ন একটি ১৫x১২ ফুট(ন্যূনতম ১৮০ বর্গফুট) আয়তনের কক্ষ থাকবে, যেখানে কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, ওয়েবক্যাম, ইন্টারনেট কানেকশন, চেয়ার(কমপক্ষে ৬টি), টেবিলসহ অফিসের অন্যান্য সামগ্রী রাখা সম্ভব হবে। এ বিষয়ে জেলা পরিষদের প্রশাসকগণকে পত্র প্রেরণ করতে হবে।<br>জেলা পরিষদের এতদ্‌সংক্রান্ত কার্যক্রমের সমন্বয়কের দায়িত্ব পালন করবেন যুগ্মসচিব(জেলা পরিষদ) এবং উপসমন্বয়কের দায়িত্ব পালন করবেন উপসচিব(জেলা পরিষদ), বেগম জুবাইদা নাসরিন এবং সিনিয়র সহকারী সচিব(প্রশাসন-১), জনাব মোঃ জাহিদ হোসেন। সার্বিক তত্ত্বাবধান করবেন জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী, অতিরিক্ত সচিব(প্রশাসন)। এটুআইকে এবিষয়ে প্রশাসন | প্রশাসক, জেলা পরিষদ(সকল), জেলা পরিষদ শাখা, স্থানীয় সরকার বিভাগ এবং এটুআই |

| | | |
|---|---|---|
| | উইং থেকে একটি পত্র প্রেরণ করতে হবে। | |
| ৬. | **বিবিধ :**<br>(ক) ডিজিটাল সেন্টার সংক্রান্ত সকল কার্যক্রম এ বিভাগের ইউনিয়ন পরিষদ-২ শাখা হতে পরিচালিত হবে। | ইউনিয়ন পরিষদ-২ শাখা |
| | (খ) এ বিভাগে এটুআই এর একজন কর্মকর্তার বসার জন্য একটি কক্ষ বরাদ্দ করতে হবে। | সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) |
| | (গ) এ বিভাগের মাসিক সমন্বয় সভায় এটুআই এর একজন কর্মকর্তা/প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানাতে হবে। | সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) |

০২। আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
১৪/০৩/২০১৬
আবদুল মালেক
সচিব
স্থানীয় সরকার বিভাগ।

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০৫১.২০১৬-১৪৩

তারিখ ঃ ৩১ ফাল্গুন, ১৪২২ / ১৪ মার্চ, ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে) ঃ

১. অতিরিক্ত সচিব(সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
২. মহাপরিচালক(মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
৫. যুগ্মসচিব(সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. জেলা প্রশাসক (সকল)।
৭. প্রশাসক, জেলা পরিষদ (সকল)।
৮. উপসচিব/উপপ্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা পরিষদ(সকল)।
১০. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪.৩.১৬

(সৈয়দ মোঃ নূরুল বাসির)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫১৪১৯০
nbasir69@gmail.com